গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
প্রশাসন-১ অধিশাখা
www.emrd.gov.bd

**বিষয়: স্বাধীনতার সুবর্ণজয়ন্তী বর্ণাঢ্য ও যথাযোগ্য মর্যাদার সাথে উদ্‌যাপনের নিমিত্ত জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের বছরব্যাপী কর্মসূচি নির্ধারণ বিষয়ক সভার কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ আনিছুর রহমান<br>সিনিয়র সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ |
| তারিখ | : | ০৩-০৩-২০২১ খ্রি. |
| সময় | : | ১১.০০ ঘটিকা |
| স্থান | : | Zoom প্ল্যাটফর্ম |
| উপস্থিতি | : | জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সকল কর্মকর্তা এবং অধীন দপ্তর/সংস্থার প্রধানগণ |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত সচিব (অপারেশন) জানান যে, স্বাধীনতার সুবর্ণজয়ন্তী বর্ণাঢ্য ও যথাযোগ্য মর্যাদার সাথে উদ্‌যাপনের লক্ষ্যে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর সভাপতিত্বে গত ০৩-০১-২০২১ তারিখে এক সভা অনুষ্ঠিত হয়। সভায় ২৬ মার্চ ২০২১ থেকে ১৬ই ডিসেম্বর ২০২১ পর্যন্ত সময়কালের কর্মসূচি প্রণয়ন করা হয়। উক্ত সভায় গৃহীত ৫০টি কর্মসূচির মধ্যে এ বিভাগ সংশ্লিষ্ট কর্মসূচি রয়েছে। এ বিষয়ে যুগ্মসচিব (প্রশাসন) Powerpoint উপস্থাপন করেন।

২। বিস্তারিত আলোচনার পর স্বাধীনতার সুবর্ণজয়ন্তী বর্ণাঢ্য ও যথাযোগ্য মর্যাদার সাথে উদ্‌যাপনের বিষয়ে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ২.১ | জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের অধীন দপ্তর/ সংস্থা/কোম্পানিতে ২৬শে মার্চ ২০২১ তারিখে জাতীয় পতাকা উত্তোলন। | এ বিভাগের অধীন দপ্তর/সংস্থা/ কোম্পানিতে ২৬শে মার্চ ২০২১ তারিখে জাতীয় পতাকা উত্তোলন করতে হবে। | সকল দপ্তর/সংস্থা/কোম্পানি |
| ২.২ | স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষে ৫০টি জাতীয় পতাকা সম্বলিত সুবর্ণজয়ন্তী র‍্যালি প্রতিটি জেলায় প্রদক্ষিণ করবে। ১৬ই ডিসেম্বর ২০২১ তারিখে সুবর্ণজয়ন্তী র‍্যালিতে এ বিভাগ এবং এর আওতাধীন ঢাকায় অবস্থিত দপ্তর/সংস্থা/কোম্পানি জেলা প্রশাসন, ঢাকার সাথে যোগাযোগ করে র‍্যালিতে অংশগ্রহণ এবং ঢাকার বাইরের দপ্তর/সংস্থা/ কোম্পানিসমূহ স্ব স্ব জেলা প্রশাসনের সাথে যোগাযোগ করে সংশ্লিষ্ট দিনগুলোতে সুবর্ণজয়ন্তী র‍্যালিতে অংশগ্রহণ করার বিষয়ে আলোচনা হয়। | ১৬ই ডিসেম্বর ২০২১ তারিখে সুবর্ণজয়ন্তী র‍্যালিতে এ বিভাগ এবং অধীন ঢাকায় অবস্থিত দপ্তর/সংস্থা/ কোম্পানি জেলা প্রশাসন, ঢাকার সাথে যোগাযোগ করে র‍্যালিতে অংশগ্রহণ করবে এবং ঢাকার বাইরের দপ্তর/ সংস্থা/কোম্পানিসমূহ স্ব স্ব জেলা প্রশাসনের সাথে যোগাযোগ করে সংশ্লিষ্ট দিনগুলোতে সুবর্ণজয়ন্তী র‍্যালিতে অংশগ্রহণ করবে; | প্রশাসন-১ অধিশাখা এবং সকল দপ্তর/সংস্থা/কোম্পানি |
| ২.৩ | স্বাধীনতা যুদ্ধে অংশগ্রহণকারী বীর মুক্তিযোদ্ধাদের অবদানের প্রতি কৃতজ্ঞতাস্বরূপ মুক্তিযোদ্ধাদের সংবর্ধনা প্রদানের বিষয়ে প্রস্তাব উত্থাপন করা হয়। সংবর্ধনার যাবতীয় ব্যয় এ বিভাগের অধীন বিপিসি ও পেট্রোবাংলার আওতাধীন কোম্পানিসমূহের CSR ফান্ড হতে বহন করার বিষয়ে আলোচনা হয়। | স্বাধীনতা যুদ্ধে অংশগ্রহণকারী বীর মুক্তিযোদ্ধাদের অবদানের প্রতি কৃতজ্ঞতাস্বরূপ মুক্তিযোদ্ধাদের সংবর্ধনা প্রদান করা হবে। সংবর্ধনার যাবতীয় ব্যয় এ বিভাগের অধীন বিপিসি ও পেট্রোবাংলার আওতাধীন কোম্পানির CSR ফান্ড হতে নির্বাহ করা হবে। | বিপিসি ও পেট্রোবাংলার আওতাধীন সকল কোম্পানি |
| ২.৪ | সকল শিক্ষা প্রতিষ্ঠান ও গ্রন্থাগারে এবং মুক্তিযুদ্ধ কর্ণারে বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ বিষয়ক বই বিতরণের বিষয়ে আলোচনা হয়। বিপিসি ও পেট্রোবাংলার কোম্পানিসমূহ তাদের CSR ফান্ড হতে শিক্ষা প্রতিষ্ঠান ও গ্রন্থাগারে এবং মুক্তিযুদ্ধ কর্ণারে বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ বিষয়ক বই বিতরণ করার বিষয়ে সভায় আলোচনা হয়। | স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষে বিপিসি ও পেট্রোবাংলার কোম্পানিসমূহ তাদের CSR ফান্ড হতে শিক্ষা প্রতিষ্ঠান ও গ্রন্থাগারে এবং মুক্তিযুদ্ধ কর্ণারে বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ বিষয়ক বই বিতরণ করবে। | বিপিসি ও পেট্রোবাংলার আওতাধীন সকল কোম্পানি |

চলমান পাতা-২

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ২.৫ | দেশের সকল সরকারি/বেসরকারি প্রতিষ্ঠানের ওয়েবসাইটে সুবর্ণজয়ন্তী কর্ণার স্থাপনের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। এ বিষয়ে এ বিভাগ এবং অধীন দপ্তর/সংস্থাকে ইতোমধ্যে নির্দেশনা প্রদান করা হয়েছে মর্মে সভায় অবহিত করা হয়। সিনিয়র সচিব মহোদয় এ বিভাগ এবং অধীন দপ্তর/সংস্থা/কোম্পানিকে ওয়েবসাইটে সুবর্ণজয়ন্তী কর্ণার স্থাপনসহ নিয়মিতভাবে ওয়েবসাইট হালনাগাদের বিষয়ে নির্দেশনা প্রদান করেন। | ওয়েবসাইটে সুবর্ণজয়ন্তী কর্ণার স্থাপন করতে হবে। একই সাথে নিয়মিতভাবে ওয়েবসাইট হালনাগাদ করতে হবে। | আইসিটি শাখা এবং সকল দপ্তর/সংস্থা/ কোম্পানি |
| ২.৬ | স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষে বাংলাদেশের দূতাবাসসমূহ এবং জেলা-উপজেলায় জাতীয় কর্মসূচির সাথে সামঞ্জস্য রেখে সম্ভাব্য কর্মসূচি গ্রহণ করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | এ বিভাগের অধীন দপ্তর/সংস্থা/কোম্পানি সমূহ জেলা-উপজেলায় জাতীয় কর্মসূচির সাথে সামঞ্জস্য রেখে কর্মসূচি গ্রহণ করবে। | সকল দপ্তর/সংস্থা/কোম্পানি |
| ২.৭ | স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষে গৃহীত কর্মসূচিসমূহ বাস্তবায়নে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ০৩-০১-২০২১ তারিখের সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়েছে:<br>‘বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ সুবর্ণজয়ন্তী উপলক্ষে তাদের জন্য প্রযোজ্য কর্মসূচি তাদের নিজস্ব বাজেট থেকে বাস্তবায়ন করতে পারে বা অর্থ বিভাগের নিকট অর্থ বরাদ্দ চাইতে পারে।’<br>বর্ণিত বিষয়ে ইতোমধ্যে এ বিভাগের বাজেট অধিশাখা এবং অধীন দপ্তর/সংস্থা/কোম্পানি সমূহকে নির্দেশনা প্রদান করা হয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়। | স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষে গৃহীত কর্মসূচিসমূহ বাস্তবায়নে ব্যয়ভার নিজস্ব বাজেট থেকে বহন করতে হবে অথবা অর্থ বিভাগের নিকট অর্থ বরাদ্দ চাইতে হবে। | বাজেট অধিশাখা এবং সকল দপ্তর/সংস্থা/কোম্পানি |

৩। মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ০৯-০২-২০২১ তারিখের ৪৮.০০.০০০০.০০১.২৩.০০৭.২০২০-১৪ নম্বর স্মারকে বর্ণিত নির্দেশনার সংশ্লিষ্ট অংশ এবং সভায় গৃহীত সিদ্ধান্তের প্রেক্ষিতে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের অধীন দপ্তর/সংস্থা/কোম্পানি নিজস্ব কর্মসূচি গ্রহণ করতঃ কর্মসূচির বিস্তারিত তথ্য ও বাস্তবায়ন অগ্রগতি আগামী ৭ কার্যদিবসের মধ্যে এ বিভাগে প্রেরণ করবে।

৪। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
০৪-০৩-২০২১
(মোঃ আনিছুর রহমান)
সিনিয়র সচিব
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
প্রশাসন-১ অধিশাখা
www.emrd.gov.bd

নং-২৮.০০.০০০০.০২০.২৩.১১৭.২১. ১৪৬

তারিখ: ২২ ফাল্গুন ১৪২৭
০৭ মার্চ ২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. চেয়ারম্যান (সরকারের সচিব), বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (বিপিসি), চট্টগ্রাম।
(আওতাধীন সকল কোম্পানিকে নির্দেশনা প্রদানের অনুরোধ করা হলো)
২. চেয়ারম্যান, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা), ঢাকা।
(আওতাধীন সকল কোম্পানিকে নির্দেশনা প্রদানের অনুরোধ করা হলো)
৩. সকল কর্মকর্তা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।

চলমান পাতা-৩

৪. অতিরিক্ত সচিব, ব্লু ইকোনমি সেল
৫. মহাপরিচালক, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট (বিপিআই), ঢাকা।
৬. মহাপরিচালক, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি), ঢাকা।
৭. মহাপরিচালক, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর (জিএসবি), ঢাকা।
৮. মহাপরিচালক, হাইড্রোকার্বন ইউনিট, ঢাকা।
৯. সচিব, বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন (বিইআরসি), ঢাকা।
১০. প্রধান বিস্ফোরক পরিদর্শক, বিস্ফোরক পরিদপ্তর, ঢাকা।
১১. উপসচিব (বাজেট অধিশাখা), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
১২. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ। (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
১৩. সিস্টেম এনালিস্ট, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
১৪. অতিরিক্ত সচিব (সকল) এর ব্যক্তিগত কর্মকর্তা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
১৫. যুগ্মসচিব (সকল) এর ব্যক্তিগত কর্মকর্তা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
১৬. অফিস কপি।

সংযুক্তি: বর্ণনামতে।

(এইচ. এম. খালিদ ইফতেখার)
উপসচিব
ফোন: ৯৫১৪১৬৫
ই-মেইল: dsadmin1@emrd.gov.bd